# উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার- এর

## সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ কালিহাতি, টাঙ্গাইল।

সভা নং- ০৬

সময়: বিকেল ৫:০০ হইতে ৬:০০ পর্যন্ত তারিখ- ২৩/০৪/২০২৫ ইং

### উপস্থিত সদস্যগণের নামের তালিকা:

| ক্র: নং | নাম/ সংশ্লিষ্ট দপ্তর প্রধান ও ঠিকানা | মোবাইল নং | পদ | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার কালিহাতি, টাঙ্গাইল। | ০১৭৬২-৬৯১৬৩২ | সভাপতি | |
| ০২ | সহকারী কমিশনার (ভূমি) কালিহাতি, টাঙ্গাইল। | ০১৩০৪-৮৮৫৫৫৬ | সহ-সভাপতি | |
| ০৩ | উপজেলা প্রকৌশলী এলজিইডি, কালিহাতী | 01708161469 | সদস্য | |
| ০৪ | সহকারী প্রোগ্রামার | 01969680697 | " | |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার | 01794-172101 | " | |
| ০৬ | উপজেলা পরিসংখ্যান অফিসার | 01710 599181 | " | |
| ০৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | 01750716784 | " | |
| ০৮ | এ.কে.এম আরিফুর রহমান (উপাধ্যক্ষ) অধ্য: [illegible] কালিহাতী আর এস সরকারি উ/বি | 01712966748 | " | |
| ০৯ | মো: কাওছার আহমেদ | 01798484344 | " | |
| ১০ | এ.কে. আজাদ | ০১৭২৩-২৯০৩০০ | " | |
| ১১ | মো: উজ্জল হোসেন এসএও, উপজেলা কৃষি অফিস | 01822020547 | " | |
| ১২ | মিজান হোসাইন | 01620793401 | সদস্য সচিব | |

অদ্য তারিখ রোজ বুধবার বিকেল ৫:০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিহাতি, টাঙ্গাইল- এ "উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার" এর এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। অদ্যকার সভায় সভাপতিত্ব করেন- জনাব মোঃ খায়রুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার কালিহাতি, টাঙ্গাইল মহোদয়।

## আলোচ্য বিষয় সমূহ :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. অত্র প্রতিষ্ঠানের কার্যকরী পরিষদ সংশোধন ও সংযোজন।

৩. "উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার" - এর নামে যৌথ স্বাক্ষরে সঞ্চয়ী ব্যাংক হিসাব খোলা।

৪। কালিহাতি উপজেলার বেকার যুব ও যুব নারীদের তিন (৩) মাস মেয়াদী বিনামূল্যে কম্পিউটার প্রশিক্ষণ বিষয়ক আলোচনা।

৫। প্রতিষ্ঠানের চলমান কার্যক্রম ও প্রচারণা বিষয়ক আলোচনা।

৬। বিবধ।

## সিদ্ধান্ত সমূহ:

১ নং আলোচ্য বিষয়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব লিজন হোসাইন, সদস্য সচিব, "উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার" কালিহাতি, টাঙ্গাইল বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান, এ বিষয়ে আর কোন সংশোধনী না থাকায় তা সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত অনুমোদিত হয়।

২ নং আলোচ্য বিষয়ে সভাপতি মহোদয় উপস্থিত সভাসদদের অবহিত করে বলেন যে, ইতিমধ্যেই আমাদের কার্যকরী পরিষদের বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ বদলিজনিত কারণে অত্র প্রতিষ্ঠানের সদস্য পদে বহাল থাকতে পারছে না বিধায় কার্যকরী পরিষদ সংশোধন ও সংযোজন করা প্রয়োজন। এ বিষয়ে সভাপতি মহোদয় সভাসদদের মধ্যে কার্যকরী পরিষদের সদস্য পদ এর জন্য প্রস্তাব আহ্বান করেন। এ সময় উপস্থিত সদস্যগণ একে অপরের প্রস্তাব ও নিজস্ব মতামত পেশ করেন এবং এ বিষয়ে সভাসদদের মধ্যে আলোচনা এবং পর্যালোচনা হয়, আলোচনান্তে- অত্র প্রতিষ্ঠানের নীতিমালা-২০২৪ এর ধারা নং- ১২ (বারো) মোতাবেক ১১ সদস্য বিশিষ্ট নিম্নোক্ত ছক অনুযায়ী কার্যকরী পরিষদ গঠনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

নিম্নোক্ত ছক :

## কার্যকরী পরিষদ

| ক্র: নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | পদ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার<br>কালিহাতি, টাঙ্গাইল। | ০১৭৬২-৬৯১৬৩২ | সভাপতি |
| ০২ | সহকারী কমিশনার (ভূমি)<br>কালিহাতি, টাঙ্গাইল। | ০১৩০৪-৮৮৫৫৫৬ | সহ-সভাপতি |
| ০৩ | উপজেলা প্রানিসম্পদ অফিসার<br>কালিহাতি, টাঙ্গাইল। | ০১৭৯৪-১৭২১০১ | কার্যকরী সদস্য |
| ০৪ | উপজেলা কৃষি অফিসার<br>কালিহাতি, টাঙ্গাইল। | ০১৮২২-০২০৫৪৭ | কার্যকরী সদস্য |
| ০৫ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি<br>কালিহাতি, টাঙ্গাইল। | ০১৭০৮-১৬১৪৬৯ | কার্যকরী সদস্য |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>কালিহাতি, টাঙ্গাইল। | ০১৭১৬-২৯৪২০৬ | কার্যকরী সদস্য |
| ০৭ | উপজেলা পরিসংখ্যান অফিসার<br>কালিহাতি, টাঙ্গাইল। | ০১৭১০-৫৯৯১৮১ | কার্যকরী সদস্য |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>কালিহাতি, টাঙ্গাইল। | ০১৫৫৭-৩৩১১১০ | কার্যকরী সদস্য |
| ০৯ | জনাব এ.কে.এস আরিফুর রহমান (ফারুক), সহ: শিক্ষক<br>কালিহাতি আর.এস সরকারি উচ্চ বিদ্যালয়। | ০১৭১২-৯৬৬৭৪৮ | কার্যকরী সদস্য |
| ১০ | সি.এ, উপজেলা পরিষদ<br>কালিহাতি, টাঙ্গাইল। | ০১৭২৩-২৯০৩৩০ | কার্যকরী সদস্য |
| ১১ | জনাব লিজন হোসাইন, সদস্য<br>নিজেরা শিখি (নিশি), রামপুর, কালিহাতি, টাঙ্গাইল। | ০১৬২০-৭৯৩৪০১ | সদস্য সচিব |

৩ নং আলোচ্য বিষয়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এ.কে আজাদ, কার্যকরী সদস্য, "উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার" কালিহাতি, টাঙ্গাইল- প্রস্তাব পেশ করে বলেন অত্র প্রতিষ্ঠানের আয়-ব্যয় এর স্বচ্ছতা রাখার নিমিত্তে "উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার" এর নামে যৌথ স্বাক্ষরে একটি সঞ্চয়ী হিসাব খোলা প্রয়োজন । এ বিষয়ে সভাসদদের মধ্যে আলোচনা এবং পর্যালোচনা হয়, আলোচনান্তে- "উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার"- এর নামে অত্র প্রতিষ্ঠানের নীতিমালা-২০২৪ এর ধারা নং- ১৯ এর উপ-ধারা ১৯.৪ মোতাবেক পূবালী ব্যাংক, কালিহাতী শাখায় নিম্নোক্ত যৌথ স্বাক্ষরে একটি সঞ্চয়ী হিসাব খোলার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় ।

নিম্নে স্বাক্ষর প্রত্যায়িত হলঃ

| | | | |
|---|---|---|---|
| সভাপতি<br>উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার<br>কালিহাতি, টাঙ্গাইল। | [signature] | [signature] | [signature] |
| সদস্য সচিব<br>উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার<br>কালিহাতি, টাঙ্গাইল। | [signature] | [signature] | [signature] |

৪ নং আলোচ্য বিষয়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব লিজন হোসাইন, সদস্য সচিব, "উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার" কালিহাতি, টাঙ্গাইল- সবাইকে অবহিত করে বলেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্ভাবনী ও বিশেষ অনুদান শাখার হতে উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল- এর নামে ২ (দুই) টি নির্দেশনা সাপেক্ষে ২ (দুই) লক্ষ টাকার বিশেষ অনুদান মঞ্জুর হয় । প্রথম নির্দেশনা: ৫০ জন বেকার যুব ও যুব নারীদের বিনামূল্যে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করতে হবে । দ্বিতীয় নির্দেশনা: প্রতিষ্ঠানের জন্য ৩ টি কম্পিউটার ক্রয় করতে হবে। প্রথম নির্দেশনা অনুযায়ী জনাব লিজন হোসাইন একটি খসড়া ভর্তি বিজ্ঞপ্তি উপস্থাপন করেন এবং ২৭ এপ্রিল ২০২৫ তারিখ হতে বিনামূল্যে কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম আরম্ভ করার প্রস্তাব পেশ করেন । এ বিষয়ে সভাসদদের মধ্যে বিশদ ও বিস্তারিত আলোচনা এবং পর্যালোচনা হয়, আলোচনান্তে- কালিহাতি উপজেলার বেকার যুব ও যুব নারীদের তিন (৩) মাস মেয়াদী বিনামূল্যে বেসিক কম্পিউটার ও আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বিষয়ে প্রশিক্ষণ এবং ৩ টি কম্পিউটার ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় ।

৫ নং আলোচ্য বিষয়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোহাম্মদ সিফাত বিন সাদেক, সহ-সভাপতি "উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার" কালিহাতি, টাঙ্গাইল- প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে সবাইকে শুভেচ্ছা জানিয়ে অত্র প্রতিষ্ঠানের প্রতিষ্ঠা লগ্নের ইতিহাস, লক্ষ্য-উদ্দেশ্য, কর্মপরিকল্পনা এবং সার্বিক কার্যক্রম উপস্থাপন করেন। তিনি আরো বলেন, "উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার" ইতিমধ্যেই কালিহাতি উপজেলার মানুষের অন্তরে জায়গা করে নিতে সক্ষম হয়েছে এবং চারিদিকের সুনাম ছড়িয়ে পড়েছে এবং আমাদের লক্ষ্য ও উদ্দেশ্যের প্রাথমিক বাস্তবায়ন শুরু হয়েছে । এ সময় সভাসদদের মধ্যে কৌতূহল লক্ষ্য করা যায় এবং অত্র প্রতিষ্ঠান এগিয়ে নিয়ে যাওয়ার স্বার্থে সবাই মিলে কাজ করার জন্য একমত পোষণ করেন। অত্র

প্রতিষ্ঠানের বিষয়ে সভাসদদের বিশেষ আগ্রহ উপলব্ধি করতে পেরে সভাপতি মহোদয় নিম্নোক্ত কিছু পরিকল্পনা উপস্থাপন করেন-

১। লিফলেট বিতরণের মাধ্যমে প্রচারণা করতে হবে ।
২। প্রমোশনাল ভিডিও তৈরি করে সোশ্যাল মিডিয়াতে ক্যাম্পেইনের মাধ্যমে প্রচারণা করতে হবে।

উপরোক্ত বিষয় গুলোর উপর সভাসদদের মধ্যে বিশদ ও বিস্তারিত আলোচনা এবং পর্যালোচনা হয়, আলোচনান্তে- কিছু লিফলেট তৈরি ও বিতরণ এবং সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এর জন্য একটি প্রোমোশনাল ভিডিও তৈরীর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় এবং জনাব এ.কে.এস আরিফুর রহমান (ফারুক)-কে প্রচারণার বিষয়ে বিশেষ দায়িত্ব প্রদান করা হয়।

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলের সুস্বাস্থ্য মঙ্গল কামনা করে উক্ত সভার সমাপ্ত ঘোষণা করেন এবং পরবর্তী দুই মাস পর সভা আহবান করার নির্দেশনা প্রদান করেন ।

সভাপতি
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।